**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৯৭

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

# শোকবার্তা

সাবেক প্রধানমন্ত্রী, বিএনপি চেয়ারপার্সন ও দেশনেত্রী বেগম খালেদা জিয়া আজ ৩০ ডিসেম্বর সকাল ৬টায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর চেয়ারম্যান, কমিশনার ও কর্মকর্তা-কর্মচারীরা গভীরভাবে শোকহত। বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে অদ্য ৩০/১২/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত ৯৯০তম কমিশন সভায় এ সংক্রান্ত একটি শোকপ্রস্তাবও গৃহীত হয়েছে।

বেগম খালেদা জিয়া বাংলাদেশের গণতান্ত্রিক রাজনীতিতে একজন প্রভাবশালী ও গুরুত্বপূর্ণ ব্যক্তি ছিলেন। তিনি বাংলাদেশ ও দেশের জনগণের সার্বভৌমত্ব, গণতন্ত্র ও অর্থনৈতিক মুক্তির জন্য আজীবন সংগ্রাম করে গেছেন। তিনি ১৯৯১ সালে সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার পর দেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং ১৯৯৬ ও ২০০১ সালে আরও দুই দফা প্রধানমন্ত্রী নির্বাচিত হন। রাজনৈতিক জীবনে তিনি বহুদলীয় গণতন্ত্র, সাংবিধানিক শাসনব্যবস্থা ও রাজনৈতিক অংশগ্রহণের ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছেন। তিনি দীর্ঘদিন বিরোধীদলীয় নেতা হিসেবেও সংসদীয় রাজনীতিতে সক্রিয় থেকে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠায় আপসহীন ভূমিকা পালন করেছেন। দেশের মানুষের কাছে তিনি একজন অনুকরণীয় ও অনুসরণীয় নেতৃত্বের প্রতীক ও শ্রদ্ধার পাত্র হিসেবে চিরস্মরণীয় হয়ে থাকবেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর পক্ষ হতে মরহুমার বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করা হচ্ছে এবং গভীর শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে। একইসাথে বিএসইসির পক্ষ থেকে তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজন, স্বজন ও সহকর্মীদের প্রতি গভীর সমবেদনা জানানো হচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

৩০/১২/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র